## নয়া দিগন্ত



# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইকবাল ও নজরুলের দর্শনে জাগরণের দর্শন শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন

'ইকবাল ও নজরুলের দর্শনে জাগরণের দর্শন' শীর্ষক দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন গতকাল রোববার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে শুরু হয়েছে।

অনুষ্ঠানের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিশ্ববিদ্যালয়ের উর্দু বিভাগের চেয়ারম্যান মো: গোলাম মাওলার সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, বাংলাদেশ ইনস্টিটিউট অব ইসলামিক থটের মহাপরিচালক ড. মো: আব্দুল আজিজ এবং দৈনিক আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমান।

মূল প্রবন্ধ উপস্থাপন করেন মালয়েশিয়ার আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মাহমুদুল হাসান এবং ভারতের জওয়াহেরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. খাজা মো: একরামুদ্দিন। স্বাগত বক্তব্য দেন সম্মেলনের যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ড. মো: ইসরাফিল এবং ধন্যবাদ জ্ঞাপন করেন আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ গোলাম রাব্বানী।

সম্মেলনে ১৮টি দেশ থেকে প্রতিনিধিরা অংশ নিচ্ছেন। এতে ১৮টি সেশনে ১৩৩টি প্রবন্ধ উপস্থাপন করা হবে।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, বিশ্ববিদ্যালয় জগৎ মূলত মেধা, উদ্ভাবন ও যৌথ জ্ঞানচর্চার নেটওয়ার্কের মধ্য দিয়ে বিকশিত হয়। এই ধরনের আন্তর্জাতিক সম্মেলন সেই জ্ঞানচর্চা ও সহযোগিতার পরিসরকে আরো সমৃদ্ধ করে তোলে।

ভিসি বলেন, আমরা আজ দুই মহান চিন্তাবিদ- আল্লামা ইকবাল ও কাজী নজরুল ইসলামের জীবন ও দর্শনকে স্মরণ করছি। তাদের চিন্তা ও কর্ম আমাদের সমাজ, সাহিত্য ও মানবিক চেতনায় গভীর প্রভাব ফেলেছে। এই সম্মেলনের আলোচনায় তাদের দর্শন থেকে নতুন অন্তর্দৃষ্টি ও বাস্তব দিকনির্দেশনা পাওয়া যাবে বলে আমি বিশ্বাস করি।

জুলাই গণ-অভ্যুত্থান প্রসঙ্গে তিনি বলেন, বাংলাদেশের সামাজিক ও রাজনৈতিক ইতিহাসে জুলাই অভ্যুত্থান এক স্থায়ী ছাপ রেখে গেছে। 'জাগরণের দর্শন' নিয়ে এই সম্মেলনের মূল বিষয়বস্তু তাই সময়োপযোগী ও তাৎপর্যপূর্ণ। ইকবাল ও নজরুলের চিন্তাধারার সাথে এই প্রেক্ষাপটের সংযোগ আমাদের বুদ্ধিবৃত্তিক আলোচনাকে আরো গভীর করে তুলবে। বিজ্ঞপ্তি।

## ইত্তেফাক

# ঢাবিতে 'ইকবাল ও নজরুলের দর্শনে জাগরণের দর্শন' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন শুরু

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে শুরু হয়েছে 'ইকবাল ও নজরুলের দর্শনে জাগরণের দর্শন' শীর্ষক দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন। গতকাল রবিবার শুরু হওয়া এই সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

বিশ্ববিদ্যালয়ের উর্দু বিভাগের চেয়ারম্যান মো. গোলাম মাওলার সভাপতিত্বে এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, বাংলাদেশ ইনস্টিটিউট অব ইসলামিক থটের মহাপরিচালক ড. মো. আব্দুল আজিজ এবং দৈনিক আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমান। সম্মেলনে ১৮টি দেশ থেকে প্রতিনিধিরা অংশ নিয়েছেন। এতে মোট ১৮টি সেশনে ১৩৩টি প্রবন্ধ উপস্থাপন করা হবে।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, 'আমরা আজ দুই মহান চিন্তাবিদ আল্লামা ইকবাল ও কাজী নজরুল ইসলামের জীবন ও দর্শনকে স্মরণ করছি। তাদের চিন্তা ও কর্ম আমাদের সমাজ, সাহিত্য ও মানবিক চেতনায় গভীর প্রভাব ফেলেছে। এই সম্মেলনের আলোচনায় তাদের দর্শন থেকে নতুন অন্তর্দৃষ্টি ও বাস্তব দিকনির্দেশনা পাওয়া যাবে বলে আমি বিশ্বাস করি।'

## যুগান্তর

# 'ইকবাল ও নজরুলের দর্শনে জাগরণের দর্শন' সম্মেলন শুরু

ঢাবি প্রতিনিধি

'ইকবাল ও নজরুলের দর্শনে জাগরণের দর্শন' শীর্ষক দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন রোববার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে শুরু হয়েছে। অনুষ্ঠানের উদ্বোধনীপর্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিশ্ববিদ্যালয়ের উর্দু বিভাগের চেয়ারম্যান গোলাম মাওলার সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, বাংলাদেশ ইনস্টিটিউট অব ইসলামিক থট-এর মহাপরিচালক ড. আব্দুল আজিজ এবং দৈনিক আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমান।

মূল প্রবন্ধ উপস্থাপন করেন মালয়েশিয়ার আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মাহমুদুল হাসান এবং ভারতের জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. খাজা একরামুদ্দিন। স্বাগত বক্তব্য দেন সম্মেলনের যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ড. মো. ইসরাফিল এবং ধন্যবাদ জ্ঞাপন করেন আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ গোলাম রাব্বানী।

জাতীয় সংগীতের মধ্য দিয়ে উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়। পবিত্র আল-কুরআন থেকে তেলাওয়াতের পর ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে শহীদ ও ২০২৪ সালের গণ-অভ্যুত্থানে শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। সম্মেলনে ১৮টি দেশ থেকে প্রতিনিধিরা অংশ নিচ্ছেন। এতে ১৮টি সেশনে ১৩৩টি প্রবন্ধ উপস্থাপন করা হবে।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, বিশ্ববিদ্যালয় জগৎ মূলত মেধা, উদ্ভাবন ও যৌথ জ্ঞানচর্চার নেটওয়ার্কের মধ্য দিয়ে বিকশিত হয়। এই ধরনের আন্তর্জাতিক সম্মেলন সেই জ্ঞানচর্চা ও সহযোগিতার পরিসরকে আরও সমৃদ্ধ করে তোলে। আশা প্রকাশ করে তিনি বলেন, এই সম্মেলন থেকে আমরা এমন কিছু বাস্তব শিক্ষা ও দিকনির্দেশনা পাব, যা আমাদের জ্ঞানকে কর্মক্ষেত্রে প্রয়োগ করতে সহায়ক হবে। মানবতার কল্যাণে জ্ঞান ও সহযোগিতার এই যাত্রায় ঢাকা বিশ্ববিদ্যালয় সর্বদা অঙ্গীকারবদ্ধ থাকবে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## The Country Today



# Two-day int'l Conference on 'Philosophy of Awakening in Philosophy of Iqbal and Nazrul' begins at DU

**DU Correspondent**

A two-day international conference titled 'Philosophy of Awakening through the Philosophy of Iqbal and Nazrul' has begun on Sunday morning at Nabab Nawab Ali Chowdhury Senate Building of Dhaka University.

The inaugural session of the program was attended by Dhaka University Vice Chancellor Prof Dr. Niaz Ahmed Khan as the chief guest. Chaired by the chairman of the university's Urdu department, Md. Golam Mawla, the event was attended by the special guests,

Continued to page 2

## Two-day int'l Conference

including Dean of the Faculty of Arts, Dhaka University, Professor Dr. Mohammad Siddiqur Rahman Khan, Director General of the Bangladesh Institute of Islamic Thought, Dr. Md. Abdul Aziz, and Editor of the Daily Amar Desh, Mahmudur Rahman.

The keynote address was presented by Prof Dr. Mahmudul Hasan of the International Islamic University of Malaysia and Prof Dr. Khawaja Md. Ekramuddin of Jawaharlal Nehru University, India. The conference's joint convener, Prof Dr. Md. Israfil, delivered the welcome address and the vote of thanks was delivered by the convener, Professor Dr. Mohammad Golam Rabbani.

The opening ceremony began with the national anthem. After the recitation from the Holy Quran, a minute of silence was observed in memory of the martyrs of the great liberation war of 1971 and the martyrs of the 2024 mass uprising.

Representatives from 18 countries are participating in the conference. 133 papers will be presented in 18 sessions.

In his speech as the chief guest, Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan said that the university world mainly develops through networks of talent, innovation and joint knowledge exchange. Such international conferences further enrich the scope of that knowledge exchange and cooperation.